

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০২০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০. দ্বিতীয় অনুচ্ছেদ - সাহু সিজদা্

## আরবী

وَعَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا قَامَ الْإِمَامُ فِي الرَّكْعَتَيْنِ فَإِنْ ذَكَرَ قَبْلَ أَنْ يَسْتَوِي قَائِما فليجلس وَإِنِ اسْتَوَى قَائِما فلَا يَجْلِسْ وَلْيَسْجُدْ سَجْدَتَي السَّهْو» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهُ

#### বাংলা

১০২০-[৭] মুগীরাহ্ বিন শু'বাহ্ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইমাম দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার পর (প্রথম বৈঠকে না বসে তৃতীয় রাক্'আতের জন্যে) উঠে গেলে যদি সোজা দাঁড়িয়ে যাবার পূর্বে মনে হয় তাহলে সে যেন বসে যায়। আর যদি সোজা দাঁড়িয়ে যায় তবে সে বসবে না (এবং শেষ বৈঠকে) দু'টি সাহু সিজদা্ (সিজদা/সেজদা) করবে। (আবূ দাউদ, ইবনু মাজাহ)[1]

# ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ১০৩৬, ইবনু মাজাহ্ ১২০৮, ইরওয়া ৪০৮।

### ব্যাখ্যা

व्याখ্যা: 'দাঁড়িয়ে সোজা হয়ে গেলে পুনরায় আর বসবে না'। কেননা সে সালাতের আরেকটি ফরয অংশের কাজ শুরু করেছে আর তা হলো কিয়াম (কিয়াম), ফলে তা ছেড়ে দিয়ে পুনরায় আবার বসবে না। وَلْيَسْجُدُ سَجُدَتَيِ) 'আর দু'টি সাহু সিজদা (সিজদা/সেজদা) করবে।' অর্থাৎ ওয়াজিব ছুটে যাওয়ার কারণে সাহু সিজদা (সিজদা/সেজদা) করবে আর ঐ ওয়াজিবটি হলো প্রথম বৈঠক।

### হাদীস থেকে জানা যায়ঃ

1. তাশাহুদের বৈঠক ছেড়ে দিয়ে পূর্ণভাবে দাঁড়িয়ে গেলে তাহলে তাশাহুদের জন্য পুনরায় বসা বৈধ নয়।



কেননা সে সালাতের অন্য একটি ফরয শুরু করেছে। অতএব সালাতে যা ফরয নয় এমন কাজের জন্য ফরয ছেড়ে দিবে না।

2. দাঁড়িয়ে সোজা হয়ে যাওয়ার পর পুনরায় বসে পড়লে তাহলে তাঁর সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্ট হবে কি? এ বিষয় 'আলিমদের মধ্যে মতপার্থক্য রয়েছে।

ইমাম শাফি স্বর মতে ইচ্ছাকৃতভাবে তা করলে সালাত বিনষ্ট হয়ে যাবে। জমহূর আলিমদের মতে সালাত বিনষ্ট হবে না। ইমাম শাওকানী বলেনঃ এমন আবস্থায় পুনরায় বসা হারাম তা জানা সত্ত্বেও ইচ্ছাকৃতভাবে বসে পড়লে তার সালাত বিনষ্ট হবে। পক্ষান্তরে ভুলবশতঃ বসে পড়লে সালাত বিনষ্ট হবে না।

হাদীসটি সংকলন করেছেন আবৃ দাউদ, ইবনু মাজাহ, আহমাদ, দারাকুত্বনী ও বায়হাকী। এ হাদীসের সানাদে জাবির (রাঃ) আল জু'ফী দুর্বল রাবী। মুন্যিরী বলেনঃ এর সানাদে জাবির (রাঃ) আল জু'ফী রয়েছে। তার বর্ণিত হাদীস দলীলযোগ্য নয়। তবে ইমাম আহমাদ, তিরমিয়ী, আবৃ দাউদ ও বায়হাকী যিয়াদ ইবনু 'ইলাকাহ্ থেকে বর্ণনা করেন; তিনি বলেছেন, মুগীরাহ্ ইবনু শু'বাহ্ আমাদের নিয়ে সালাত আদায় করলেন, তিনি দু' রাক্'আত সালাত শেষে না বসে দাঁড়িয়ে গেলেন। তার পিছনের লোকেরা 'সুবহা-নাল্ল-হ' বললে তিনি হাতের ইশারায় বললেন, তোমরা দাঁড়িয়ে যাও। অতঃপর সালাত শেষে সালাম ফিরানোর পর দু'টি সিজদা্ করলেন এবং সালাম ফিরালেন। অতঃপর তিনি বললেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমতাবস্থায় আমাদেরকে নিয়ে এরূপই করেছেন। হাদীসটি ইমাম বায়হাকী মুগীরাহ্ (রাঃ) থেকে 'আমির সূত্রেও বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন